

চোলাহাটে অক্সিজেন কনসেন্ট্রেটর বসন

সামিম হোসেন, চোলাহাট : চোলা
এলাকার করোনা আক্রান্তদের কথা
মাথায় রেখে অক্সিজেনের সমস্যা
মেটাতে সোমবার সকালে মুক্তি
স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে দি
ব্রেথ কনসোর্টিয়ামের সহযোগিতায়
কুলপি ব্লকের চোলাহাটের সাউথ
ব্যান্ক মেডিক্যাল হলের
আইসোলেশন সেন্টারে অক্সিজেন
কনসেন্ট্রেটর মেশিন বসানো হয়।
সেইসঙ্গে অক্সিমিটার, দরকারি
ওষুধ, সিরাপ, ওআরএস ও
স্যানিটাইজারও থাকছে। বিধায়ক
যোগরঞ্জন হালদার উদ্বোধন করেন।
ছিলেন কুলপির বিএমওএইচ তনুশী
কুণ্ড, চোলাহাট থানার আইসি
কৌশিক নাগ ও গ্রামপঞ্চায়েত প্রধান
রঞ্জিয়া বিবি কয়াল।